



৫ বছর গুম থাকলে ট্রাইব্যুনালকে সম্পত্তি বন্টনের অধিকার



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকার গুম হওয়া ব্যক্তির পরিবারকে আইনি সুরক্ষা দিতে নতুন সংশোধিত অধ্যাদেশ জারি করেছে। এবার কোনো ব্যক্তি অন্তত ৫ বছর নিখোঁজ থাকলে এবং জীবিত ফিরে না এলে, ট্রাইব্যুনাল তার সম্পত্তি বৈধ উত্তরাধিকারীদের মধ্যে বন্টনের আদেশ দিতে পারবে।  
নতুন বিধান অনুযায়ী, গুম ব্যক্তির স্ত্রী বা নির্ভরশীল সদস্যরা এখন কমিশনের অনুমতি ছাড়াই আইনি প্রক্রিয়া শুরু করতে পারবেন। অধ্যাদেশটি অবিলম্বে কার্যকর হবে।  
অধ্যাদেশের সংশোধনী অনুযায়ী, 'দ্য এভিডেন্স অ্যাক্ট, ১৮৭২'-এর ১০৮ ধারা যে ৭ বছর নিখোঁজ থাকার বিধান দেয়, তা ৫ বছর গুমের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ট্রাইব্যুনাল আবেদন যাচাই করে সম্পত্তি বন্টনের সিদ্ধান্ত নেবে। প্রাথমিক আবেদনের পদ্ধতি নির্ধারণের দায়িত্ব ট্রাইব্যুনালের।

LENS ASIA